

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬০৫

কুমারঘাট, ১৮, জানুয়ারি, ২০২৪

**প্রজাতন্ত্র দিবস : কুমারঘাট মহকুমায় প্রস্তুতি সভা**

আগামী ২৬ জানুয়ারি কুমারঘাট মহকুমাভিত্তিক প্রজাতন্ত্র দিবস উদযাপনের মূল অনুষ্ঠানের আয়োজনা করা হবে কুমারঘাটের পূর্ত ময়দানে। প্রজাতন্ত্র দিবস উদযাপনের অঙ্গ হিসেবে ২৬-২৭ জানুয়ারি সন্ধ্যায় কুমারঘাটে ভগৎ সিং চৌমুহনীতে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীদের নিয়ে অনুষ্ঠিত হবে দেশাঅবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান। এ উপলক্ষে মহকুমা শাসক কার্যালয়ে সম্প্রতি এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহকুমা শাসক সুরত কুমার দাস। সভায় উপস্থিত ছিলেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস, ডিসিএম শুভঙ্কর দাস, সমাজসেবী দীপঙ্কর গোস্বামী প্রমুখ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে আগামী ২১ জানুয়ারি মানসী মিলনায়তনে পূর্ণ রাজ্য দিবস উদযাপন করা হবে। পূর্ণ রাজ্য দিবস উদযাপন উপলক্ষে বসে আঁকো প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ওপেন কুইজ ও আলোচনাচক্র অনুষ্ঠিত হবে। ২৩ জানুয়ারি নেতাজী জন্মজয়ন্তী উদযাপন করা হবে কুমারঘাটের নেতাজী চৌমুহনী ও ফটিকরায়ের নেতাজী মূর্তির সন্নিকটে। তাছাড়া ২০ জানুয়ারি সকালে নেতাজী চৌমুহনী থেকে পাবিয়াছড়া বাজার পর্যন্ত সাফাই অভিযান সংগঠিত হবে।

\*\*\*\*\*